

এইচএসসিতে সৃজনশীল পরীক্ষা ২০১২ থেকে

■ ইত্তেফাক রিপোর্ট

২০১২ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় বাংলা ১ম পত্র বিষয়ে সৃজনশীল প্রশ্ন পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রশ্নের মানবন্টন হবে সৃজনশীল প্রশ্ন- ৬০ এবং বহু নির্বাচনী প্রশ্ন- ৪০। এ বিষয়ে গতকাল সোমবার মহাশালায় থেকে এক প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

সৃজনশীল পরীক্ষা পদ্ধতি চাণুর লক্ষ্যে দেশের সবগুলো কলেজের দ্বারা সাড়ে চার হাজার বাংলা শিক্ষককে আগামী দু'মাসের মধ্যে প্রশিক্ষণ প্রদান করা হবে।

উল্লেখ্য, ২০১০ সালের এসএসসি পরীক্ষায় বাংলা ১ম পত্র ও ধর্মে সৃজনশীল পদ্ধতি চালু হয়েছে। এদের ২০১১ সালের এসএসসি পরীক্ষায় দু'ক হবে সাধারণ বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান, ভূগোল, রসায়ন ও ব্যবসায় পরিচিতি বিষয়। ২০১২ সালের এসএসসি পরীক্ষায় পদার্থ বিজ্ঞান, জীব বিজ্ঞান, ইতিহাস, অর্থনীতি, পৌরনীতি, হিসাব বিজ্ঞান, ব্যবসায় উদ্যোগ, বাণিজ্যিক ভূগোল, গার্ভহা অর্থনীতি, কৃষি শিক্ষা ও কম্পিউটার শিক্ষা দু'ক হবে।